রেজিস্ট্রারের কার্যালয়

স্মারক নং-২/শিক্ষা/ইবি-২০১৭/

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া

তারিখঃ- ১১-১০-২০১৭ ইং

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু আবেদনকারীগণ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের জন্য প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়েবসাইট **http://iu.asslonline.com** অথবা www.iu.ac.bd/admission-এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে পারবেন।

১। (ক) নিম্নলিখিত ইউনিটের বিভাগসমূহে ভর্তির নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করা যাবে।

ইউনিটের কোড	ইউনিটভূক্ত বিভাগের নাম
A	(১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, (২) দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ (৩) আল-হাদীস এণ্ড ইসলামিক স্টাডিজ
B	(১) আরবী ভাষা ও সাহিত্য, (২) বাংলা, (৩) ইংরেজী, (৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (৫) ফোকলোর স্টাডিজ
C	(১) অর্থনীতি, (২) লোক প্রশাসন, (৩) রাষ্ট্রবিজ্ঞান, (৪) ডেভেলপমেন্ট স্টাডিজ (৫) সোসাল ওয়েলফেয়ার
D	(১) ফলিত রসায়ন ও কেমিকৌশল, (২) বায়োটেকনোলজি এণ্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, (৩) ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি, (৪) এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি, (৫) ফার্মেসি
E	(১) ইলেক্ট্রিক্যাল এণ্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, (২) কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং, (৩) ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (৪) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং
F	(১) গণিত, (২) পরিসংখ্যান
G	(১) হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি, (২) ব্যবস্থাপনা, (৩) ফিন্যান্স এণ্ড ব্যাংকিং (৪) মার্কেটিং, (৫) হিউম্যান রির্সোস ম্যানেজমেন্ট, (৬) টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট
H	(১) আইন, (২) আল-ফিকহ এন্ড লিগ্যাল স্টাডিজ, (৩) ল' এন্ড ল্যান্ড ম্যানেজমেন্ট

(খ) ইসলামী বিশ্ববিদ্যলয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভতির্র নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে উপরোক্ত ইউনিটসমূহের অন্তর্ভূক্ত বিভাগে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ে ওয়েবসাইট www.iu.ac.bd-এ থেকে সংগ্রহ করা যাবে।

২। **আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাঃ**

যে সকল ছাত্র-ছাত্রী ২০১১ সন বা তৎপরবর্তীতে মাধ্যমিক/সমমান এবং ২০১৬ বা ২০১৭ সনের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নবর্ণিত যোগ্যতা থাকবে কেবলমাত্র তারাই উপরোক্ত ইউনিট সমূহে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।

A ইউনিটভূক্ত বিভাগ সমূহে ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে।

তবে, বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যের (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.০০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.২৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০ পেয়েছে।
B ও C ইউনিটভুক্ত বিভাগ সমূহে ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। তবে, বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যের (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.০০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.২৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০ পেয়েছে ।
D, E ও F ইউনিটভুক্ত বিভাগ সমূহে ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ হতে হবে এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.৫০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.৫০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'বি' পেয়েছে। তবে, বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যের (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ক্ষেত্রে প্রার্থীদের বিজ্ঞান শাখায় এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে । **কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে উত্তীর্ণদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় D, E ও F ইউনিটে আবেদনের জন্য পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত অবশ্যই পঠিত বিষয় হিসেবে থাকতে হবে।**
G **ইউনিটভুক্ত বিভাগ সমূহে** ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক ও বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.৫০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.২৫ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। তবে, বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যের (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ক্ষেত্রে প্রার্থীদের মানবিক ও বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ পেয়েছে।
H ইউনিটভুক্ত বিভাগ সমূহে ভর্তির ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৭৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.২৫ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৭.০০ পেয়েছে; A এবং O লেভেলে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উভয় পরীক্ষায় কমপক্ষে গ্রেড 'সি' পেয়েছে। তবে, বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যের (পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী) ক্ষেত্রে প্রার্থীদের মানবিক শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে

GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.০০, বাণিজ্য শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.২৫ এবং বিজ্ঞান শাখায় মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদা আলাদাভাবে কমপক্ষে GPA ৩.০০ (৪র্থ বিষয়সহ) এবং একত্রে কমপক্ষে GPA ৬.৫০ পেয়েছে।

৩। অনলাইন-এর মাধ্যমে আবেদন করার পদ্ধতিঃ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে উপরে বর্ণিত ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমুহে ভর্তিচ্ছু আবেদনকারীগণ[redacted] ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের জন্য প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লেখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক ওয়েবসাইট **http://iu.asslonline.com** অথবা www.iu.ac.bd/admission- এ নির্দেশিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করলে SMS-এর মাধ্যমে Username এবং Passward পাবে। **আবেদন করার সময় ইউনিট সিলেক্ট করলে একটি** Application ID **দেখা যাবে। একাধিক ইউনিট সিলেক্ট করলে প্রতিটি ইউনিটের জন্য ভিন্ন ভিন্ন** Application ID **দেখা যাবে।** SMS-এর মাধ্যমে প্রাপ্ত Username এবং Passward ব্যবহার করে ওয়েবসাইট **http://iu.asslonline.com**-এ Login **করেও প্রয়োজনীয় যে কোন সময়ে** Application ID **দেখা যাবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রতিটি** Application ID **ব্যবহার করে ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে হবে। যথাযথভাবে ফি জমা দিলে একটি Confirmation SMS** পাবে।

(ক) ডাচ্ -বাংলা ব্যাংকের রকেট সার্ভিসের মাধ্যমে ফি প্রদান পদ্ধতি নিম্নরূপ ঃ

- Step-1: ডায়াল *322#।
- Step-2: "1 ডায়াল করে Payment" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-3: "1 ডায়াল করে Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-4: Enter Biller ID. এর স্থলে **'262'** টাইপ করতে হবে।
- Step-5: Enter Bill Number এর স্থলে অবশ্যই ওয়েবসাইট থেকে প্রাপ্ত নিজ Application ID টি প্রদান করতে হবে।
- Step-6: Enter Amount এর স্থলে এপ্লিকেশন ফি ৫০০ টাকা দিতে হবে **(এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর রকেট মোবাইল ব্যাংকিং একাউন্ট-এ সার্ভিস চার্জ সহ ৫১৭ টাকা ব্যালেন্স থাকতে হবে।)**
- Step-7: Enter PIN এর স্থলে Customer এর ডাচ্ -বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।
- Step-8: রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে প্রাপ্ত Transaction ID (TxnID) প্রবেশপত্রের জন্য সংরক্ষণ করতে হবে।

(খ) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা), উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/নৃ-গোষ্ঠী সম্প্রদায়, শারীরিক প্রতিবন্ধী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), খেলোয়াড় ও পোষ্য) ভর্তি প্রার্থীদেরকে সংশিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের শেষ দিন অর্থাৎ ০৩-১২-২০১৭ ইং তারিখ থেকে ১৩-১২-২০১৭ ইং তারিখের মধ্যে বিশেষ কোটার জন্য নির্ধারিত ফি ৩০০/=(তিনশত) টাকা অগ্রণী ব্যাংক, ইবি শাখায় জমাদান সাপেক্ষে ব্যাংক থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে। উক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণকরতঃ যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক তার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি ও ভর্তি পরীক্ষার ইউনিট কর্তৃক প্রদত্ত প্রাপ্ত নম্বরের সনদসহ উক্ত সময়সীমার (০৩-১২-২০১৭ ইং তারিখ থেকে ১৩-১২-২০১৭ ইং তারিখের) মধ্যে (অফিস চলাকালীন সময়ে) বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কোটার জন্য গঠিত উপ-কমিটির আহবায়কের অফিসে (নির্দেশ মোতাবেক) জমা দিতে হবে।।

(গ) **প্রবেশ পত্র**

সফলভাবে আবেদনকৃত প্রার্থীরাই ১৬ নভেম্বর ২০১৭ হতে ২৪ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের পরে প্রবেশপত্র ডাউনলোড করার সিস্টেম বন্ধ থাকবে। প্রবেশপত্র ডাউনলোড করতে ওয়েবসাইট **http://iu.asslonline.com**-এ লগ ইন করে Admit Card ডাউনলোড করে নিতে হবে। Admit Card ডাউনলোড করতে ছাত্র-ছাত্রীদের সদ্যতোলা ১ (এক) কপি ছবি (300X300 pixel এবং 65kb) আপলোড করতে হবে।

(ঘ) **পরীক্ষা হলে যা আনতে হবেঃ**

(i) **http://iu.asslonline.com** থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রের ২ (দুই) কপি। উভয় কপি ভর্তি পরীক্ষার কক্ষে দায়িত্ব প্রাপ্ত পরিদর্শক সত্যায়িত করবেন।

(ii) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র প্রত্যেকটির ২ (দুই) কপি (ফটোকপি ৮০ গ্রাম A4 সাইজের অফসেট কাগজে)।

(iii) উপরিউক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার প্রবেশপত্রসহ রেজিস্ট্রেশন কার্ডের একসেট ইউনিট সংরক্ষণ করবে। অপর সেটটি পরীক্ষার্থী সংরক্ষণ করবে।

৪। আবেদনকারীদের বিশেষ জ্ঞাতব্য বিষয়সমূহ ঃ

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু আবেদনকারীকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd-এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে **অনলাইনে ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে** সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে হবে। ১৫ অক্টোবর ২০১৭ থেকে ১০ নভেম্বর-২০১৭ (রাত ১২টা ০ মিঃ) পর্যন্ত আবেদন করা যাবে। একজন আবেদনকারী একটি ইউনিটের জন্য শুধুমাত্র ১ (এক) টি আবেদন করতে পারবে। তবে যোগ্যতা থাকলে একাধিক ইউনিটে আবেদন করতে পারবে।

(খ) প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি ৫০০/= (পাঁচশত) টাকা।

(গ) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারীর জন্য সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ভর্তি পরীক্ষা ২৫ থেকে ২৯ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.iu.ac.bd/admission) ও বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

(ঘ) **ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

বিঃদ্রঃ (১) কেবল বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরপত্রে (Academic Transcript) উল্লেখিত মোট GPA বিবেচিত হবে।

(২) আবেদনকারীকে তার SSC ও HSC পরীক্ষার ফলাফলে নাম সংক্রান্ত কোন ত্রুটির কারণে আবেদন করতে ব্যর্থ হলে প্রার্থীকে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নাম সংক্রান্ত সমস্যা সমাধান করে আবেদন করতে হবে। নাম সংক্রান্ত সমস্যা সমাধানের বিষয়টি ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এখতিয়ারভূক্ত নয়।

(৩) আবেদন প্রক্রিয়ায় কোন জটিলতা সৃষ্টি হলে তা ডাচ্ বাংলা ব্যাংক লিঃ (DBBL)-এর মোবাইল নং- ০১৮৭৪-২৬১৯৬১/০১৭৮৭-৬৫৩২৮৩ -এর মাধ্যমেই সমাধান করতে হবে।

(৪) যে কোন মোবাইল সংযোগের মাধ্যমে এক/একাধিক আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে।

(৫) নির্ধারিত তারিখের মধ্যে যে কোন দিন, যে কোন সময় অনলাইনের মাধ্যমে আবেদন করা যাবে।

(৬) অনলাইনে সম্মতি জানিয়ে ভর্তির আবেদন পাঠালে তা আর প্রত্যাহার করা যাবে না।

১১.১০.১৭

(এস.এম.আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া